# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১১১৬ তারিখ : ০৪-০৮-২০২৫ খ্রি.

## শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের প্রতি জরুরি নির্দেশনা

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রতি বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র শিক্ষা বোর্ড থেকে যথাসময়ে প্রতিষ্ঠানে সরবরাহ করা হলেও কিছু কিছু প্রতিষ্ঠান তা বিতরণ না করে পরীক্ষা শুরুর কিছু দিন পূর্বে অথবা কোন কোন ক্ষেত্রে এক/দুই দিন পূর্বে/ বিশেষ কোন অনুষ্ঠানের মাধ্যমে পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়ে থাকে। ফলে শিক্ষার্থীদের বিষয়/পত্র ভুল থাকলেও সময় স্বল্পতার কারণে পরীক্ষা শুরুর আগে তা সংশোধন করা সম্ভব হয় না।

২। অনেক প্রতিষ্ঠানে বোর্ড কর্তৃক বিষয় খোলার অনুমোদন না থাকলেও অননুমোদিত বিষয়ে শিক্ষার্থীদের ভর্তি করে পাঠদান কার্যক্রম পরিচালনা করে থাকে। কিন্তু রেজিস্ট্রেশন এবং ফরম পূরণের সময় প্রতিষ্ঠান কর্তৃক তাদের অনুমোদিত বিষয়ে রেজিস্ট্রেশন ও ফরম পূরণ করে থাকে। রেজিস্ট্রেশন কার্ড ও ফরম পূরণের উপর প্রশ্নপত্রের চাহিদা প্রস্তুত করতে হয়। ফলে অনুমোদিত বিষয়ে রেজিস্ট্রেশন ও ফরম পূরণ করে থাকলে পরীক্ষার্থীদের প্রশ্নপত্র সরবরাহ করা অসম্ভব হয়ে পড়ে। অনুমোদিত বিষয়ে ফরম পূরণ করলে প্রবেশপত্র দেয়া সম্ভব হয় না। ফলে পরীক্ষার্থীরা চরম মানসিক যন্ত্রণার শিকার হয় এবং তাদের শিক্ষা জীবন হুমকির মুখে পড়ে।

৩। ২০২৬ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সকল পরীক্ষার্থীদের ফরম পূরণ সম্পন্ন করতে হবে। বিলম্ব ফিসহ ফরম পূরণের নির্ধারিত তারিখ শেষ হওয়ার পর আর কোন অবস্থাতেই পরীক্ষার্থীদের ফরম পূরণের সুযোগ দেয়া হবে না। ফরম পূরণের নোটিশ ভালো ভাবে শিক্ষার্থীদেরকে নিশ্চিত করতে হবে।

৪। শিক্ষা বোর্ড হতে রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করতে হবে। কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র বিতরণে অনিয়মের অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৪-০৮-২০২৫
(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/মাধ্যমিক/উচ্চ
মাধ্যমিক বিদ্যালয়সমূহ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫। জেলা শিক্ষা অফিসার, যশোর শিক্ষা বোর্ডের অধীন সকল জেলা।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৭। অফিস কপি